

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টম হাউস, ঢাকা।
WWW.dch.gov.bd

নথি নং : ৫-কাস-৮(৫৫২৫)বিচার/কমিঃ/২০২৩/ ১৩৬৪

তারিখ : ২৪/০১/২০২৪ খ্রিঃ।

বিষয় : Customs Act, 1969 (Act IV of 1969) এর Section 180 মোতাবেক কারণ দর্শাও নোটিশ জারী।

- সূত্র : (১) হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, কাস্টম হাউস, ঢাকা এর ডিএম নম্বর : DCH-DE-20231258966; তারিখ : ০৯/১২/২০২৩ খ্রিঃ।
(২) নথি নং : ৫-কাস-৮(৫৫২৫)বিচার/কমিঃ/২০২৩/৩০৯২৭, তাং-২৭/১২/২০২৩


হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, কাস্টম হাউস, ঢাকা এর ডিএম নম্বর: DCH-DE-20231258966; তারিখ : ০৯/১২/২০২৩ খ্রিঃ পর্যালোচনায় দেখা যায় যে, গোপন তথ্যের ভিত্তিতে বিগত ০৮.১২.২০২৩ তারিখ বিকাল ২.০০ ঘটিকা থেকে বিকাল ৩.৩০ ঘটিকা পর্যন্ত NSI কর্মকর্তাগণ হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণকৃত বিমান Flight No-BG 248 এ অভিযান চালিয়ে বিমানের সিটের নিচে পরিত্যক্ত অবস্থায় (যাত্রীবহীন) ২০ (বিশ) টি স্বর্ণবার (রাসায়নিক পরীক্ষা ব্যতীত) যেগুলোর মোট ওজন ২৩২০(দুই হাজার তিনশত বিশ) গ্রাম (রাসায়নিক পরীক্ষা ব্যতীত) উদ্ধার করে কাস্টমস ব্যাগেজ ডিএম কাউন্টারে জমা প্রদান করলে উর্দ্ধতন কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক শিফট ইনচার্জ মহোদয় (সি-শিফট) উল্লিখিত স্বর্ণ DM কর্মকর্তাকে Unclaimed DM করার নির্দেশনা প্রদান করেন। এমতাবস্থায়, Customs Act, 1969 এর Section 168 মূলে ২০(বিশ) টি স্বর্ণবার (রাসায়নিক পরীক্ষা ব্যতীত) যেগুলোর মোট ওজন ২৩২০(দুই হাজার তিনশত বিশ) গ্রাম (রাসায়নিক পরীক্ষা ব্যতীত) পরবর্তী আইনানুগ নিষ্পত্তির জন্য শিফট ইনচার্জের নির্দেশে সাময়িকভাবে আটক করা হয়। আটককৃত পণ্যের শুদ্ধায়নযোগ্য মূল্য ১,২৬,৯৯,৬৮০/- (এক কোটি ছাব্বিশ লক্ষ নিরানব্বই হাজার ছয়শত আশি) টাকা মাত্র। যাত্রী (অপর্যটক) ব্যাগেজ (আমদানি) বিধিমালা, ২০২৩ এর বিধি ৩(৯) দ্বারা বিদেশ হতে আগত একজন যাত্রী অনধিক ১০০ গ্রাম স্বর্ণালংকার বিনাশুল্কে এবং বিধি ৩(১০) দ্বারা ১১৭ গ্রাম স্বর্ণবার শূদ্ধ করাদি পরিশোধ সাপেক্ষে আমদানি করার সুযোগ দেওয়া হয়েছে। অথচ আপনি প্রাপ্যতার অতিরিক্ত স্বর্ণবার আমদানি করেছেন। আপনার এহেন কার্যক্রমের মাধ্যমে যাত্রী (অপর্যটক) ব্যাগেজ (আমদানি) বিধিমালা, ২০২৩ এর বিধি ৩(১০), ৭(১) ও ১০ এবং Customs Act, 1969 (IV of 1969) এর Section 16 লঙ্ঘিত হয়েছে। ফলে আটককৃত পণ্যসমূহ বাজেয়াপ্তযোগ্য। সংঘটিত অনিয়মের কারণে Customs Act, 1969 এর Section 168 অনুসারে উক্ত পণ্য আটক করে বর্ণিত আটক মামলা দায়ের করা হয়। উক্ত পণ্যসমূহ বিমানবন্দরস্থ মূল্যবান বস্তুর গুদামে জমা প্রদান করা হয়।

০২। অতএব, আপনি Customs Act, 1969 (IV of 1969) এর Section 16 এবং আমদানি নীতি আদেশ ২০২১-২০২৪ এর অনুচ্ছেদ ০৮(৪) (ঘ) ও ২৫ (১২) এবং Foreign Exchange (Regulations) Act, 1947 (VII of 1947)

এর Section 8 এর Sub-Section (1), Import & Export (Control) Act 1950 এর Section 3 এর Sub-Section (1) এর বিধানসহ যাত্রী (অপর্যটক) ব্যাগেজ (আমদানি) বিধিমালা, ২০২৩ এর বিধি ৩(১০), ৭(১) ও ১০ লঙ্ঘন করেছেন।

০৩। এমতাবস্থায়, Customs Act, 1969 এর Section 156 এর Sub-Section (1) এর Table ভুক্ত clause (9), এবং Foreign Exchange (Regulations) Act, 1947 (VII of 1947) এর Section 8 এর Sub-Section (3) সহ Import & Export (Control) Act 1950 এর Section 3 এর Sub-Section (3) মোতাবেক আটককৃত পণ্য কেন সরাসরি সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করাসহ আপনার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার সন্তোষজনক লিখিত জবাব এবং উক্ত পণ্য ক্রয় বা অর্জন এবং অর্থের উৎস সম্পর্কিত দলিলাদি, এয়ার লাইসেন্স টিকেট, পাসপোর্ট ও অন্যান্য দলিলপত্রসহ ১৫(পনের) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর বরাবরে দাখিল করার জন্য অনুরোধ করে সূত্রীয় ২ নং পত্রের মাধ্যমে কারণ দর্শাও নোটিশ জারী করা হয়। উক্ত সময়ের মধ্যে কোন জবাব পাওয়া যায় নি। এ পরিস্থিতিতে আগামী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর বরাবরে লিখিত জবাব দাখিল করার জন্য অনুরোধ করা হল। একইসাথে, আপনি শুনানি প্রদানে আগ্রহী হলে তা লিখিত জবাবে উল্লেখ করার জন্য বলা হলো। উপর্যুক্ত নির্ধারিত সময়ের মধ্যে এই নোটিশের লিখিত জবাব এই দপ্তরে দাখিল করা না হলে এবং শুনানিতে উপস্থিত না হলে নথিতে রক্ষিত সংশ্লিষ্ট দলিলাদির ভিত্তিতে আইনানুগ পন্থায় মামলাটি নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করা হবে।


প্রাপক,
Unknown:(Passport no- Unknown)
Father's Name- N/L
Mother's Name- N/L
Address: N/L


একেএম নুরুল হুদা আজাদ
কমিশনার অব কাস্টমস
ফোন নং- ০২-৮৯০১৫৭৭
ই-মেইল: dch@nbr.gov.bd

নথি নং ৪ ৫-কাস-৮(৫৫২৫) বিচার/কমিঃ/২০২৩/ ৩৬৬৪ (২)
অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো :

তারিখ : /০১/২০২৪ খ্রিঃ।

- ১। ডেপুটি/সহকারী কমিশনার (হশাআবি), কাস্টম হাউস, ঢাকা।
- ২। নোটিশ বোর্ড, কাস্টম হাউস, ঢাকা।


সমরজিৎ দাস
ডেপুটি কমিশনার

o/e